



জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার)  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
বগুড়া, বাংলাদেশ।  
www.nactar.gov.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



স্মারক নং-৫৭.২১.০০০০.০০৫.২৫.০০২.২১-৬৮৩

তারিখঃ ০৪ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ  
১৮ মে, ২০২১ খ্রিস্টাব্দ

**আইসিটি বিষয়ক শিক্ষক প্রশিক্ষণ বিজ্ঞপ্তি**

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরে সরকারি-বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা এবং কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষকমন্ডলীর ৩০ দিন মেয়াদী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ক প্রশিক্ষণ কোর্স ৩১ জুলাই-২০২১ খ্রি. হতে শুরু হবে। প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণেচ্ছুকগণের নিকট হতে www.nactar.gov.bd অথবা www.nactar.org ওয়েব সাইটে প্রদর্শিত নির্ধারিত ফরমে আগামী ৩০ জুন-২০২১ খ্রি-এর মধ্যে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে প্রস্তুতকৃত প্যানেল হতে ধারাবাহিকভাবে প্রশিক্ষণার্থীকে স্বাস্থ্যবিধি মেনে প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে।

**শর্তাবলীঃ**

- ১। ইতোমধ্যে যারা নেকটার, বগুড়া হতে ৩০ দিন মেয়াদী (২০১৬-২০১৭ থেকে ২০২০-২১ পর্যন্ত) আইসিটি বিষয়ক প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।
- ২। আবেদনকারীকে তাঁর প্রতিষ্ঠান প্রধান এবং প্রয়োজনে ম্যানেজিং কমিটির সভাপতির নিকট থেকে সম্মতি পত্র গ্রহণ পূর্বক আবেদন করতে হবে।
- ৩। গর্ভবতী নারী, হৃদরোগ, ডায়েবেটিস, কিডনী জটিলতাসহ অন্যান্য জটিল রোগে আক্রান্ত এবং ৫২ বছরের উর্ধ্বের প্রার্থীদের আবেদন করার দরকার নেই।
- ৪। কোভিড-১৯ ভ্যাক্সিনের ২য় ডোজ গ্রহণের সনদ থাকতে হবে।

(মোঃ শাফিউল ইসলাম)  
পরিচালক (উপসচিব)  
নেকটার, বগুড়া।  
০৫১-৬০৯৮৮ (অফিস)

E-mail: director@nactar.gov.bd